রেজিস্টার্ড ডাকযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারী আবাসন পরিদপ্তর
বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
www.doga.gov.bd

নথি নং-২৫.৪৩.০০০০.০০১.০২.০৩৫.১১(বি)/ -২৬০(৭)

তারিখঃ ১৪ জ্যৈষ্ঠ ১৪৩২ / ২৮ মে ২০২৫

## 'অফিস আদেশ'

জনাব আব্দুল কাদির সোহেল, অফিস সহায়ক, সরকারী আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়,ঢাকা; স্থায়ী ঠিকানা-পিতা-মরহুম এম.এ কুদ্দুস পীর, গ্রাম-রামপুর, পোষ্ট-সাচনা, থানা-জামালগঞ্জ, জেলা-সুনামগঞ্জ। ইংল্যান্ড এবং ফ্রান্স ভ্রমণের উদ্দেশ্যে তার আবেদনের পরিপ্রেক্ষিতে গত ১০-০৪-২০২২ হতে ২৫-০৪-২০২২ তারিখ পর্যন্ত ১৬(ষোল) দিনের মঞ্জুরীকৃত বহিঃবাংলাদেশ ছুটি ভোগ শেষে তিনি কর্মস্থলে যোগদান না করে ২৬-০৪-২০২২ হতে ০৫-০৯-২০২২ তারিখ পর্যন্ত ০৪(চার)মাস ১০(দশ) দিন এবং পরবর্তীতে উন্নত শিক্ষা গ্রহণের বিষয় উল্লেখ করে ০৬-০৯-২০২২ হতে ০৫-০৯-২০২৩ তারিখ পর্যন্ত ১(এক) বছর বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুরীর জন্য আবেদন দাখিল করেন। আবেদনকৃত ছুটি নামঞ্জুর করে তাকে কর্মস্থলে যোগদান এবং এতদবিষয়ে কারণ দর্শানোর জবাব প্রদানের জন্য তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় রেজিষ্ট্রার্ড ডাকযোগে দু'টি পত্র প্রেরণ করা হয়। তিনি বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরী আদেশের শর্ত ভঙ্গ করে ২৬-০৪-২০২২ হতে ২৮-১১-২০২৩ তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে ৫৮২দিন অর্থাৎ ১(এক) বছর ৭(সাত) মাস ৭(সাত)দিন কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন। তার এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি-২(চ) অনুযায়ী 'পলায়ন(desertion)' এর আওতাভুক্ত। অভিযোগটি গুরুতর বিধায় জনাব আব্দুল কাদির সোহেল, অফিস সহায়ক -এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২(চ) মোতাবেক 'পলায়ন(desertion)' এর অভিযোগে ০২/২০২৪ নম্বর বিভাগীয় মামলা রুজুকরতঃ অভিযোগনামা ও অভিযোগ বিবরণী গঠন করা হয়।

০২। জনাব আব্দুল কাদির সোহেল, অফিস সহায়ক এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামায় বর্ণিত অভিযোগের বিষয়ে এ পরিদপ্তরের ২৭-০৩-২০২৪ তারিখের ২৫.৪৩.০০০০.০০১.০২.০৩৫.১১(বি)/৫০১নং স্মারকে তাকে কারণ দর্শানোর নোটিশ তার স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানায় রেজিঃ ডাকযোগে প্রেরণ করা হয় এবং তিনি ব্যক্তিগত শুনানী প্রদানে আগ্রহী কিনা তা জবাবে উল্লেখ করতে বলা হয়। তৎপ্রেক্ষিতে বর্তমান ঠিকানায় ''প্রাপককে খুজেঁ না পাওয়ায়'' এবং স্থায়ী ঠিকানায়-''প্রাপক বাড়িতে নেই, বিদেশ থাকে'' মর্মে মন্তব্যযুক্ত হয়ে পত্র দু'টি ডাক বিভাগ হতে ফেরত আসে। তাছাড়া তার নিকট হতে কারণ দর্শানোর কোন জবাব না পাওয়ায় উক্ত বিভাগীয় মামলার অভিযোগনামায় বর্ণিত অভিযোগের বিষয়টি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়।

০৩। সরকারী আবাসন পরিদপ্তরের ০৫-০৫-২০২৫ তারিখের ২৫.৪৩.০০০০.০০১.০২.০৩৫.১১(বি)/১৭৮নং স্মারকমূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ বিধি-৭ এর উপবিধি-৯ আওতায় একই বিধিমালার বিধি-৪(৩) উপ-বিধি-১(গ) এ বর্ণিত 'চাকরি হইতে অপসারণ' দন্ড কেন আরোপ করা হবে না, ৭(সাত) কার্যদিবস সময় প্রদান করে তার অনুকুলে জারীকৃত ২য় কারণ দর্শানোর নোটিশ তার স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানায় রেজিঃ ডাকযোগে প্রেরণ করা হয়। অভিযুক্ত কর্মচারী যেহেতু বিদেশ থাকে সেহেতু দৈনিক 'দ্যা ডেইলী স্টার' ও 'দৈনিক ইত্তেফাক' পত্রিকায় উক্ত আদেশটি ০৭/৫/২০২৫ তারিখ প্রকাশিত হয় । তার স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্রটি ' উক্ত ঠিকানায় প্রাপক নেই, দেশের বাহিরে থাকে তাই ফেরত'' মন্তব্যযুক্ত হয়ে সংশ্লিষ্ট ডাক বিভাগ হতে ১৩-০৫-২০২৫ তারিখে ফেরত আসে এবং বর্তমান ঠিকানায় প্রেরিত পত্রটি 'ডাক বিভাগ হতে ফেরত' মন্তব্যযুক্ত হয়ে এ পরিদপ্তরের চিঠি বিতরণ শাখার মাধ্যমে ১৩-৫-২৫ তারিখে ফেরত আসে। কিন্তু উক্ত ২য় কারণ দর্শানোর পত্র দু'টির বিষয়ে কোন জবাব পাওয়া যায়নি। এছাড়া বিভাগীয় মামলা চলাকালীন অভিযোগনামায় বর্ণিত মেয়াদকালের পরবর্তী সময়েও তার পদায়নকৃত কর্মস্থলের তিনি অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তার এ অনুপস্থিতির ধারাবাহিকতা প্রমান করে তিনি অভ্যাসগতভাবে পলায়নপর মানসিকতাসম্পন্ন কর্মচারী।

০৪। এমতাবস্থায়, অভিযুক্ত কর্মচারী জনাব আব্দুল কাদির সোহেল এর বিরুদ্ধে 'পলায়ন(desertion)'এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলা নং-০২/২০২৪ এর বিষয়ে সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন, অভিযুক্ত কর্মচারীর দাখিলকৃত ১ম ও ২য় কারণ দর্শানোর জবাব দাখিল না করা এবং তার চাকরি বিবরণীসহ প্রাসঙ্গিক বিষয়াদি পর্যালোচনায় তার বিরুদ্ধে 'পলায়ন(desertion)'এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪(৩) উপ-বিধি-১(গ) মোতাবেক ২৬-০৪-২০২২ তারিখ থেকে তাকে ''চাকরি হইতে অপসারণ'' দন্ড আরোপ করা হলো। তিনি বিধি মোতাবেক (প্রযোজ্য ক্ষেত্রে) তার পাওনাদি প্রাপ্য হবেন। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৭/৫/২০২৫


(মোঃ আসাদুজ্জামান)
পরিচালক (যুগ্মসচিব)
ফোন: +৮৮০২৫৫১০১০৩৭
ফ্যাক্স: ০২-৯৫৪৬৪৬৩
ইমেইল: director@doga.gov.bd


নথি নং-২৫.৪৩.০০০০.০০১.০২.০৩৫.১১(বি)/ -২৬০(৭)

তারিখঃ ১৩ জ্যৈষ্ঠ ১৪৩১ / ২৮ মে ২০২৫

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়,২য় ১২তলা সরকারী অফিস ভবন,সেগুনবাগিচা, ঢাকা।

০৪। এমতাবস্থায়, অভিযুক্ত কর্মচারী জনাব আব্দুল কাদির সোহেল এর বিরুদ্ধে 'পলায়ন(desertion)'এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলা নং-০২/২০২৪ এর বিষয়ে সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন, অভিযুক্ত কর্মচারীর দাখিলকৃত ১ম ও ২য় কারণ দর্শানোর জবাব দাখিল না করা এবং তার চাকরি বিবরণীসহ প্রাসঙ্গিক বিষয়াদি পর্যালোচনায় তার বিরুদ্ধে 'পলায়ন(desertion)'এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪(৩) উপ-বিধি-১(গ) মোতাবেক ২৬-০৪-২০২২ তারিখ থেকে তাকে ''চাকরি হইতে অপসারণ'' দন্ড আরোপ করা হলো। তিনি বিধি মোতাবেক (প্রযোজ্য ক্ষেত্রে) তার পাওনাদি প্রাপ্য হবেন। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ আসাদুজ্জামান)
পরিচালক (যুগ্মসচিব)
ফোন: +৮৮০২৫৫১০১০৩৭
ফ্যাক্স: ০২-৯৫৪৬৪৬৩
ইমেইল: director@doga.gov.bd

নথি নং-২৫.৪৩.০০০০.০০১.০২.০৩৫.১১(বি)/ -২৬০(৭)

তারিখঃ ১৩ জ্যৈষ্ঠ ১৪৩১
২৮ মে ২০২৫

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়,২য় ১২তলা সরকারী অফিস ভবন,সেগুনবাগিচা, ঢাকা।
৩। সহকারী পরিচালক, আসিটি শাখা,সরকারী আবাসন পরিদপ্তর,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। হিসাব রক্ষক, ক্যাশ ও বিল শাখা, সরকারী আবাসন পরিদপ্তর,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। অতিরিক্ত পরিচালকের ব্যক্তিগত সহকারী, সরকারী আবাসন পরিদপ্তর,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। অফিস ফ্রন্ট ডেস্ক,সহকারী,সরকারী আবাসন পরিদপ্তর,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। জনাব মোঃ আব্দুল কাদির সোহেল,স্থায়ী ঠিকানা-পিতা-মরহুম এম.এ কুদ্দুস পীর, গ্রাম-রামপুর, পোষ্ট-সাচনা,থানা-জামালগঞ্জ, জেলা-সুনামগঞ্জ। বর্তমান ঠিকানা-বাসা নং-মোহিনী ৫৫, লামাপাড়া, শিবগঞ্জ, সিলেট।
৯। ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

(আব্দুল্লাহ্-আল-নোমান)
সহকারী পরিচালক(প্রশাঃ)।